ভোরের কাগজ

তারিখ ............
পৃষ্ঠা ...... কলাম ......

সংবাদ সম্মেলনে বাকবিশিস নেতৃবৃন্দ

# বেসরকারি কলেজে পদোন্নতির ক্ষেত্রে অনুপাত প্রথা বাতিল করুন

কাগজ প্রতিবেদক : শিক্ষা ব্যবস্থার জাতীয়করণসহ বেসরকারি কলেজে সহকারী অধ্যাপক পদে পদোন্নতির ক্ষেত্রে অনুপাত প্রথা বাতিল করে সহযোগী অধ্যাপক ও অধ্যাপক পদ সৃষ্টিসহ ৯ দফা দাবি প্রধান দুটি রাজনৈতিক দলের নির্বাচনী ইশতেহারে অন্তর্ভুক্তকরণের দাবি জানিয়েছে বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি (বাকবিশিস)। পাশাপাশি সমিতি সম্প্রতি জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদে রদবদলের ঘটনারও সমালোচনা করেন নেতৃবৃন্দ।

গতকাল বৃহস্পতিবার জাতীয় প্রেসক্লাবে বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি আয়োজিত এক সংবাদ সম্মেলনে নেতৃবৃন্দ এই দাবি ও তাদের মতামত তুলে ধরেন।

নেতৃবৃন্দ তত্ত্বাবধায়ক সরকারের গৃহীত পদক্ষেপগুলোকে বিতর্কিত এবং একপেশে অভিহিত করে বলেন, একটি বিশেষ রাজনৈতিক দলের ছাত্র সংগঠন ও ঘাতক জামাত-শিবির চক্রের অপতৎপরতায় ঢাকা বিশ্ববিদ্যালয়সহ অসংখ্য শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ হয়ে গেছে অথচ তত্ত্বাবধায়ক সরকার নির্বিকার।

নেতৃবৃন্দ আরো বলেন, বেসরকারি শিক্ষক-কর্মচারীদের প্রতি মাসের বেতনের অংশ পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে পাওয়ার কথা থাকলেও এখন পর্যন্ত জুলাই-আগস্ট এবং সেপ্টেম্বর মাসের বেতন প্রদান হয়নি। পূজার পূর্বেই সরকারের প্রতি পাওনা বেতন প্রদানের দাবি জানান।

সংবাদ সম্মেলনে সমিতির পক্ষে লিখিত বক্তব্য পাঠ করেন অধ্যাপক মনির হোসেন। সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন সমিতির সভাপতি অধ্যক্ষ মোঃ শাহজাহান ও সাধারণ সম্পাদক, অধ্যক্ষ মোঃ আব্দুর রশিদ। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন অধ্যাপক সিরাজুল হক আলো, অধ্যাপক সমরেন্দ্রনাথ রায় সমর, অধ্যাপিকা অপু উকিল প্রমুখ।